

হাজি সেলিমের বিরুদ্ধে জবি হল দখলের অভিযোগ

■ জবি সংবাদদাতা
জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) বেদখলে ঝাড়া তিকত হল উদ্ধারে মিছিল করেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ। দাবি জানিয়ে আজ বুধবার পুরান ঢাকার রায়মাহেব রাজার মোড় জুবরোধ ও বিক্ষোভ মিছিলের কর্মসূচি দিয়েছে সংগঠনটি।
ছাত্রলীগ নেতাকর্মীদের অভিযোগ, বিশ্ববিদ্যালয়ের তিকত হলটি প্রায় দুই যুগ ধরে দখলে রেখেছেন যতন্ত্র সাপেক্ষ হাজি যো. সেলিম। তাই হল উদ্ধার না হওয়া পর্যন্ত এ কর্মসূচি চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে ছাত্রলীগ। প্রত্যক্ষদর্শীরা জানায়, বিশ্ববিদ্যালয়ের তিকত হল উদ্ধারের দাবিতে গতকাল বুধবার দুপুর সাড়ে ১২টায় শাখা ছাত্রলীগের সভাপতি শরিফুল ইসলাম ও সাধারণ সম্পাদক সিরাজুল ইসলামের নেতৃত্বে ক্যাম্পাসের শহীদ মিনার চত্বর থেকে মিছিল বের করেন নেতাকর্মীরা। মিছিলটি ক্যাম্পাস ও পুরান ঢাকার বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে দুপুর ১টার দিকে প্রধান ফটকের সামনে এক সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়।
বিক্ষোভ শেষে শাখা ছাত্রলীগের সম্পাদক সিরাজুল ইসলাম সমকালকে বলেন, সাধারণ শিক্ষার্থীদের কথা চিন্তা করে ছাত্রলীগ এ আন্দোলন করছে।
বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার যো. ওহিদুজ্জামান সমকালকে বলেন: ১৯৮৫ সালের দিকে শিক্ষার্থী ও এলাকাবাসীর সঙ্গে সংঘর্ষের পর হলটি বেদখলে চলে যায়।